118

দৈনিক সংবাদ

তারিখ ... 12 NOV 1986 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

007

ছাত্র-পুলিশ সংঘর্ষে ৩৫ জন আহত

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট বন্ধ করে দেয়া হয়েছে

(নিজস্ব বার্তা পরিবেশক)

হায়ার ডিপ্লোমা কোর্স বাতিলের দাবীতে বাংলাদেশ কারিগরি ছাত্র পরিষদের পক্ষ থেকে গতকাল মঙ্গলবার সকাল ১০টার দিকে ওআইসি জোটভুক্ত দেশসমূহের দূতাবাসগুলোতে স্মারকলিপি প্রদান করতে যাবার পথে মহাখালী বক্ষব্যাধি হাসপাতাল গেটে ছাত্র ও পুলিশের মধ্যে এক সংঘর্ষ হয়। সংঘর্ষে পুলিশ কাঁদানে গ্যাস ও ছাত্ররা ইটপাটকেল নিক্ষেপ করে। এতে পুলিশ ও ছাত্র মিলিয়ে প্রায় ৩৫ জন আহত হয়।

বিক্ষুব্ধ ছাত্ররা তেজগাঁ পলিটেকনিক ইনষ্টিটিউটের সামনের রাস্তায় ১টি বি, আর টি, সি বাস (ঢাকা-চ ১৬১৩) ও একটি মাইক্রোবাসে (ঢাকা-৬৩-১০৮৬) অগ্নিসংযোগ করে। খবর পেয়ে দমকল বাহিনীর লোকজন ঘটনাস্থলে পৌঁছে আগুন নিভিয়ে ফেলে। ফায়ার ব্রিগেড সূত্রে জানা গেছে যে, বিক্ষুব্ধ ছাত্র-জনতা দমকল বাহিনীর দায়িত্ব পালনে বাধা সৃষ্টি

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

ছাত্র-পুলিশ সংঘর্ষ

(১ম পাতার পর)

করে এবং কিছু জিনিসপত্র ভাংচুর করে।

পলিটেকনিক ইন্সটিটিউট বন্ধ ঘোষণা

এদিকে সরকার তেজগাঁস্থ ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউটটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেছেন। কারিগরি শিক্ষা পরিদপ্তরের মহাপরিচালকের স্বাক্ষরযুক্ত এক বিজ্ঞপ্তিতে ইনষ্টিটিউটের ছাত্রাবাসে অবস্থানরত সকল আবাসিক ছাত্রকে অনতিবিলম্বে ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে।

ছাত্রদের ভাষ্য

বাংলাদেশ কারিগরি ছাত্র পরিষদের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে যে, পুলিশ বিনা উস্কানিতে তাদের শান্তিপূর্ণ মিছিলে হামলা চালিয়েও পরে ছাত্রাবাসগুলোতে প্রবেশ করে ছাত্রদের ব্যাপক লাঠিপেটা করে। পুলিশের লাঠিচার্জ ও কাঁদানে গ্যাস নিক্ষেপের ফলে ২০ জনের মত ছাত্র আহত হয়েছে।

পুলিশের ভাষ্য

পুলিশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, গতকাল সকালে তেজগাঁ পলিটেকনিকের ছাত্ররা হায়ার ডিপ্লোমা কোর্স বাতিলের দাবীতে গুলশানস্থ ও,আই,সি কূটনৈতিক প্রধানদের অফিস ও বাসভবন ঘেরাও করতে অগ্রসর হতে থাকে। কূটনৈতিক মিশনসমূহের নিরাপত্তাজনিত কারণে পুলিশ মিছিলকারীদের ফিরে যেতে অনুরোধ করে। কিন্তু মিছিলকারীরা ক্ষিপ্ত হয়ে পুলিশের ওপর হামলা চালায়। তারা দু'টি বাস ভাংচুর ও অগ্নিসংযোগ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কর্তব্যরত পুলিশকে কাঁদানে গ্যাস ও মৃদু লাঠিচার্জ করতে হয়। ছাত্রদের ইটপাটকেলে তেজগাঁ থানার ওসিসহ ১৪ জন পুলিশ আহত হয়েছে বলে সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।

নিন্দা জ্ঞাপন

ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউটের ছাত্রদের মিছিলের ওপর পুলিশী হামলার প্রতিবাদ জানিয়ে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের একাংশ (মো: তাহেরউল্লাহ স্বাক্ষরিত) ও বাংলাদেশ ছাত্র ইউনিয়ন বিবৃতি দিয়েছে। বিবৃতিতে ইতিপূর্বে দিনাজপুর থেকে গ্রেফতারকৃত ৩ জন ছাত্রের মুক্তি দাবী করে পলিটেকনিক ছাত্রদের দাবী মেনে নেয়ার আহ্বান জানানো হয়।